

মোঃ হোসেন  
সহকারী পরিচালক (সহকারী)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০১৩.২৩.১৫৯১

২৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন জামুর ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪ (মাদ্রাসা-২) এর স্মারক নং-শিম/শাখা:২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪, তারিখ:০৯.০৯.২০১৫খ্রি.  
(২) বর্ণিত মাদ্রাসার স্মারক নং:২৩/৩; তা: ১৭/৯/০৮/২৩ খ্রি. ডকেট: ১২৭২৫; তা: ১৯/৯/২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সূত্রস্ব (২) নং স্মারকে উল্লিখিত মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রস্ব (১) নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে বিষয়োক্ত মাদ্রাসায় নিম্নবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো -

মাদ্রাসার নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	প্রতিনিধির নাম ও ঠিকানা
জামুর ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা, শেরপুর, বগুড়া (এমপিও কোড-৭৬০৯০৬২২০১) মোবাইল: ০১৩০৯১১৯৭৭৬	১। অধ্যক্ষ-১টি (শূন্যপদ) ২। উপাধ্যক্ষ-১টি (সৃষ্টপদ) ৩। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১টি (সৃষ্টপদ) ৪। অফিস সহকারী কাম হিসাব সহকারী-১টি (শূন্যপদ) ৫। নিরাপত্তা কর্মী ১টি (সৃষ্টপদ) ৬। আয়া ১টি (সৃষ্টপদ) ৭। নৈশ প্রহরী ১টি (শূন্যপদ)	জনাব মো: আবুল বাসার, উপ-পরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা মোবাইল: ০১৭১৫৯৭৯৭৩৩

শর্তাবলীঃ  
০১. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ০৬ জুন ২০২৩ তারিখের স্মারক ৫৭.২৫.০০০০.০০১.১৫.০০২.১৫-৬৮১ অনুযায়ী বেসরকারি মাদ্রাসায় এনটিআরসিএ (NTRCA) এর আওতা বহির্ভূত পদে নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য অনুসরণীয় নির্দেশমালা প্রতিপালন সাপেক্ষে নিয়োগ কার্যক্রম যথাযথভাবে সম্পাদনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত আদেশটি [www.dme.gov.bd](http://www.dme.gov.bd) ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।  
০২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে ১ নং শর্তের নির্দেশমালা পুঙ্খানুপুঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের শাঃঃ/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ নং পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।  
সংযুক্তি: (০২) ফর্দ।

১১-১০-২০২৩  
মোহাম্মদ আবু নঈম  
পরিচালক  
০১৫৫২৩৯৪৯৭৪  
mnoyeem@yahoo.com

জনাব মো: আবুল বাসার, উপ-পরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০১৩.২৩.১৫৯১/১ (৭)

২৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, বগুড়া;
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৩। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া;
- ৫। অধ্যক্ষ, জামুর ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা, শেরপুর, বগুড়া (নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারণ পূর্বক সংশ্লিষ্টদের লিখিতভাবে অবহিত করবেন);
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর, বগুড়া এবং
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১২-১০-২০২৩

মো ইসমাইল হোসেন  
সহকারী পরিচালক